

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৭৫/২০১২

সকল সম্মানিত সদস্য/সদস্যাদের প্রতি,

তারিখঃ ০৬/১২/২০১২খ্রিঃ।

২২ অগ্রহায়ণ, ১৪১৯ বঙ্গাব্দ।

বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তি

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দকে জানানো যাইতেছে যে, আগামী ২৩/১২/২০১২ তারিখ (রবিবার) অপরাহ্ন ৩-০০ ঘটিকায় এসোসিয়েশনের বিশেষ সাধারণ সভা সি এন্ড এফ টাওয়ারে (১৩ তম তলায়) অনুষ্ঠিত হইবে।

উক্ত বিশেষ সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকল সম্মানিত সদস্য/সদস্যগণকে অনুরোধ জানানো যাইতেছে।

আলোচ্যসূচী ঃ

- ০১। চিটাগাং কাস্টমস্ সি এন্ড এফ এজেন্টস্ কল্যাণ তহবিল প্রসঙ্গে আলোচনা।
- ০২। কাস্টম হাউজ এর সার্বিক বিষয়ে আলোচনা।
- ০৩। বন্দরের সার্বিক বিষয়ে আলোচনা।
- ০৪। বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)।

বিঃ দ্রঃ- সভায় অংশগ্রহনের জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট /পরিচয় পত্র আনিতে হইবে। অংশিদারী প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার নিজে অংশগ্রহন করিলে তাঁহার কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট ও পরিচয় পত্র এবং পরিচালক, অংশিদার অংশগ্রহন করিলে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার হইতে প্রতিষ্ঠানের লেটার হ্যাণ্ডে প্রাধিকার পত্র আনিতে হইবে। সভায় কোন বিষয়ে মতামতের সংখ্যাধিক্য নির্ণয়ের জন্য উক্ত দলিলাদি প্রয়োজন হইবে।

স্বাক্ষরিত/-

এ, কে, এম, আকতার হোসেন
সভাপতি

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্ছ)
সাধারণ সম্পাদক